



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

স্মারক নং-৯০৯/ক/অনু:/১৮/ ৭৯৩

তারিখ: ১২/০৫/২০১৯

বিষয়: ২০১৯-২০ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭০.৪৯.০০১.১৮.১০৭, তারিখ: ০৮/০৫/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ নরসিংদী জেলার রায়পুরা উপজেলাধীন 'বীরশ্রেষ্ঠ মতিউরনগর কলেজ' এ ২০১৯-২০ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো। এ অনুমতির মেয়াদ ০৩ (তিন) বছর কার্যকর থাকবে এবং এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

শাখাসমূহ:

১। মানবিক ২। বিজ্ঞান ৩। ব্যবসায় শিক্ষা।

বিষয়সমূহ:

আবশ্যিক:

- ১। বাংলা
- ২। ইংরেজি
- ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক:

- ১। পৌরনীতি ও সুশাসন
- ২। সমাজবিজ্ঞান
- ৩। ইসলাম শিক্ষা
- ৪। ইসলামের ইতিহাস
- ৫। অর্থনীতি

ব্যবসা শিক্ষা

- ১। হিসাব বিজ্ঞান
- ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
- ৩। ফিন্যান্স ব্যাংকিং ও বীমা
- ৪। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন

বিজ্ঞান:

- ১। পদার্থ বিজ্ঞান
- ২। রসায়ন
- ৩। জীববিজ্ঞান
- ৪। উচ্চতর গণিত

শর্তসমূহ:

- ১। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে;
- ২। আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ৩। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ৪। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ৫। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম ৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ৬। পাঠদান প্রাপ্তির ০৩(তিন) মাসের মধ্যে বিধি মোতাবেক নির্বাহী কমিটি গঠন করে যথাসময়ে তা অনুমোদনের জন্য বোর্ডে প্রেরণ করতে হবে।
- ৭। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ৮। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;

(অপর পাতায় দ্রষ্টব্য.....২)

- ৯। কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ১০। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ১১। উচ্চমাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে। আসন সংখ্যা- মানবিক শাখায়- ৫০ জন, বিজ্ঞান শাখায়-৫০ জন, ব্যবসায় শিক্ষা- ৫০ জন;
- ১২। উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে;
- ১৩। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না;
- ১৪। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ১৫। প্রতিষ্ঠানের (উচ্চমাধ্যমিক পর্যায়) প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে:
 - (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট ;
 - (খ) বসলজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট ;
 - (গ) প্রথম অস্থায়ী স্বীকৃতির ফি বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে;
- ১৬। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ-

প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ৯৬১৫২৩৬ (অফিস)
ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd


অধ্যক্ষ
বীরশ্রেষ্ঠ মতিউরনগর কলেজ
রায়পুরা, নরসিংদী।

মেমো নং-৭৯৩(৭)

তারিখ: ১২/০৫/২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। সিনিয়র সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, নরসিংদী।
- ৫। পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অফিস কপি।


কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

